গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

জরুরী বিজ্ঞপ্তি

তারিখ : ০২.০৪.২০২৩ খ্রি.

মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ২০২২-২০২৩ অর্থবছরের সকল শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২২ সালের মাধ্যমিক (এস.এস.সি) এবং উচ্চ মাধ্যমিক (এইচ.এস.সি) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে যারা "মেধাবৃত্তি এবং সাধারণ বৃত্তি" প্রাপ্ত হয়েছে তাদের তথ্য MIS Software-এ এন্ট্রি করতে হবে বিধায় কলেজে অধ্যয়নরত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরাকলেজ ওয়েবসাইট (www.mccollege.edu.bd) থেকে ফরম ডাউনলোড করে ফরম পূরণপূর্বক আগামী ০৬.০৪.২০২৩ খ্রি. তারিখের মধ্যে কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তি: ১. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র ও ছবি এক কপি
২. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশিত বৃত্তি তালিকার সংশ্লিষ্ট পৃষ্ঠার কপি

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর করণীয়

১. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত হতে হবে।
২. বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে/১৮বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে।
৩. যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক খোলা হলে ফরমে হিসাবের ঘরে যৌথ নাম উল্লেখ করতে হবে।
৪. অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে।
৫. বিকাশ, শিওরক্যাশ নগদসহ এ ধরণের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না।
৬. শিক্ষার্থীর পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও সন সঠিকভাবে পূরণ করতে হবে।
৭. বৃত্তির ক্যাটাগরি (মেধা ও সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে।
৮. ব্যাংক, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।

উপরোক্ত শর্তাবলী পূরণের ক্ষেত্রে ভুল পরিলক্ষিত হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য যে, মুরারিচাঁদ কলেজ, সিলেট এ ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছরে অধ্যয়নকারী রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ কোটায় বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, অত্র কলেজে আবেদনকৃত যে সকল শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বরে মেধা ও সাধারণ বৃত্তির টাকা পৌঁছেনি তাদের তথ্য সংশোধনের লক্ষ্যে আগামী ০৫.০৪.২০২৪ খ্রি. তারিখের মধ্যে কলেজের কম্পিউটার শাখায় যোগাযোগ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০২.০৪.২০২৩
অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট
Principal (In-Charge)
M.C. College, Sylhet

E:\নোটিশ-2023